# বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের গবেষণা কার্যক্রম

— ডঃ ইকরামুল আহসান

## ভূমিকা

বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ পাঠ্যক্রমকে বাস্তবধর্মী ও সময়োপযোগী করার জন্য প্রয়োজন প্রশাসন ও উন্নয়নের বাস্তব সমস্যাকেন্দ্রিক গবেষণা পরিচালনা করা। এ জন্য প্রশিক্ষণকে গবেষণা কর্মকাণ্ডের সাথে সমপৃক্ত করতে হবে। গবেষণা হবে কেন্দ্রের সার্বিক কর্মকাণ্ডেরই একটি অংশ যা প্রশিক্ষণের উপকরণ যোগাবে এবং একই সাথে প্রশিক্ষণের মান ও কার্যকারিতা বাড়াবে।

সরকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী পেশাগত দক্ষতা বৃদ্ধির স্বীকৃতি স্বরূপ প্রতি প্রশিক্ষক কর্তৃক বছরে কমপক্ষে দুটি গবেষণা কাজের সাথে জড়িত থাকা ও গবেষণা প্রতিবেদন স্বীকৃত পেশাদার জার্ণালে প্রকাশনার উপর গুরুতর আরোপ করা হয়।

**গবেষণার উদ্দেশ্যঃ**

১) অনুষদ ও পাঠ্যক্রম উন্নয়ন (গবেষণার ফলাফল ব্যবহার, পাঠ্যক্রম উপকরণ প্রস্তুত করণ),

২) প্রশাসনিক ও ব্যবস্থাপনা সম্পর্কিত সমস্যাবলীর বিশ্লেষণ,

৩) জাতীয় পর্যায়ে, জেলা ও স্থানীয় সরকার প্রশাসন ও ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি ও উন্নয়নের দিকে প্রভাবিত করা ও সুপারিশ প্রণয়ন।

## গবেষণা কার্যক্রমের শ্রেণীবিন্যাস

কেন্দ্রের গবেষণা কার্যক্রমকে দু'ভাগে ভাগ করা যায়: (ক) পাঠ্যক্রমের বিষয়বস্তু সম্পর্কিত গবেষণা এবং (খ) প্রশাসন ও উন্নয়ন বিষয়ক গবেষণা।

(ক) **পাঠ্যক্রমের বিষয়বস্তু সম্পর্কিত গবেষণাঃ** বর্তমানে কেন্দ্রে তিন ধরনের নিয়মিত প্রশিক্ষণ পাঠ্যক্রম পরিচালিত হচ্ছেঃ– (১) বুনিয়াদী প্রশিক্ষণ পাঠ্যক্রম, (২) প্রশাসন ও উন্নয়ন সম্পর্কিত উচ্চতর পাঠ্যক্রম এবং (৩) উর্ধ্বতন কর্মকর্তাদের পাঠ্যক্রম।

LIBRARY
Bangladesh Public Administration
Training Centre
Savar, Dhaka

প্রতিনিয়ত পরিবর্তনশীল আর্থ সামাজিক প্রেক্ষাপটের ভিত্তিতে এবং পাঠ্যক্রমগুলোর উদ্দেশ্য ও বিষয়বস্তুর আলোকে গবেষণার ক্ষেত্র সমূহ চিহ্নিত করা হয়। সঠিকভাবে চিহ্নিত ক্ষেত্রে গবেষণা কার্যক্রম পরিচালিত হয় এবং গবেষণার ফলাফল প্রশিক্ষণ পাঠ্যক্রমের উপকরণ হিসেবে ব্যবহৃত হয়।

(খ) **প্রশাসন ও উন্নয়ন বিষয়ক গবেষণা ঃ** বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র অধ্যাদেশ, ১৯৮৪ এর ৬ (জ) ধারা মোতাবেক প্রশাসন ও উন্নয়নের সুনির্দিষ্ট সমস্যা সম্পর্কে সরকারকে পরামর্শ দেওয়া কেন্দ্রের অন্যতম দায়িত্ব। এ দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের জন্য প্রশাসন ও উন্নয়নের বিভিন্ন দিকের উপর গবেষণা পরিচালনা করা হয়। এরূপ গবেষণা লব্ধ ফলাফল সরকারের নীতি/ কর্মসূচী নির্ধারণ ও সংস্কার সাধনে সহায়ক হয়।

**গবেষণা কার্যক্রমের অর্থায়নঃ**

অর্থায়নের দিক থেকে কেন্দ্রের গবেষণা কার্যক্রমকে তিনভাগে ভাগ করা যায়ঃ – (ক) বিশ্বব্যাংকের অর্থানুকূল্যে উন্নয়ন প্রকল্পের অধীনে পরিচালিত গবেষণা কার্যক্রম, (খ) কেন্দ্রের রাজস্ব বাজেটভূক্ত গবেষণা কার্যক্রম এবং (গ) বিপিএটিসি ও আন্তর্জাতিক সংস্থার যৌথ উদ্যোগে পরিচালিত গবেষণা কার্যক্রম।

(ক) **বিশ্বব্যাংকের অর্থানুকূল্যে উন্নয়ন প্রকল্পের অধীনে পরিচলিত গবেষণা কার্যক্রমঃ** "পিএটিসি দ্বিতীয় পর্যায় " (সংশোধিত) প্রকল্পের আওতায় " গবেষণা ও ঘটনা সমীক্ষা উন্নয়ন কর্মসূচী "(Studies & Case Development Programme) —এর সংস্থান করা হয়। বিশ্বব্যাংকের Staff Appraisal Report এ বলা হয়েছে, "গবেষণা ও ঘটনা সমীক্ষা কর্মসূচী কেন্দ্রের শিক্ষা অনুষদ কর্তৃক সম্পাদিত হবে এবং তা প্রশাসনিক ও ব্যবস্থাপনা সম্পর্কিত সমস্যাবলীকে কেন্দ্র করে পরিচালিত হবে, যা জাতীয় পর্যায়, জেলা ও স্থানীয় সরকার প্রশাসন ও প্রতিষ্ঠানকে প্রভাবিত করে" (SAR NO . 4181-BD)।

বিশ্বব্যাংকের অর্থানুকূল্যে ১৯৮৬–৮৭ অর্থ বছর থেকে কেন্দ্রের গবেষণা কার্যক্রম শুরু হয় । উক্ত অর্থ বছরে মোট ৮টি গবেষণা প্রকল্প সম্পাদিত হয় (পরিশিষ্ট–ক)।১৯৮৭–৮৮ অর্থ বছরে সম্পাদিত গবেষণা প্রকল্পের সংখ্যা ১৪টি (পরিশিষ্ট–খ)।১৯৮৮–৮৯ অর্থ বছরে আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র সমূহের পাঠ্যক্রম উন্নয়ন সংক্রান্ত ১১টি গবেষণা প্রকল্প গৃহীত হয় (পরিশিষ্ট–গ)।

**(খ) কেন্দ্রের রাজস্ব বাজেটভূক্ত গবেষণা কার্যক্রমঃ** কেন্দ্রের রাজস্ব বাজেটের আওতায় ১৯৮৭-৮৮ অর্থ বছরে ১টি ও ১৯৮৮-৮৯ অর্থ বছরে ১টি সহ মোট ২টি গবেষণা প্রকল্প সম্পাদিত হয়েছে। ১৯৮৯-৯০ অর্থ বছরে ৪টি গবেষণা প্রকল্প অনুমোদিত হয়েছে (পরিশিষ্ট-ঘ)। বর্তমানে এ প্রকল্প গুলি সমাপ্তির পথে।

**(গ) বিপিএটিসি ও আন্তর্জাতিক সংস্থার যৌথ উদ্যোগে পরিচালিত গবেষণা কার্যক্রমঃ-** উপরোক্ত কার্যক্রম এর অধীনে কেন্দ্র ও বিশ্বব্যাংকের ইডিআই এবং এশিয়া ও প্রশান্ত মহাসাগর উন্নয়ন কেন্দ্রের যৌথ উদ্যোগে গবেষণা পরিচালিত হয়। ইডিআই এর সহযোগিতায় ১৯৮৭-৮৮ অর্থ বছরে "প্রকল্পের আয়ুস্কালীন ফলপ্রসুতার" উপর ৩টি এবং ১৯৮৮-৮৯ অর্থ বছরে " উন্নয়ন ব্যবস্থাপনার" উপর ৩টি সহ মোট ৬টি ঘটনা সমীক্ষা পরিচালিত হয় (পরিশিষ্ট-ঙ) । এছাড়া এপিডিসির সহযোগিতায় দারিদ্র বিমোচন ও বিকল্প বিতরণ ব্যবস্থার উপর ৯টি ঘটনা সমীক্ষা প্রণীত হয়েছে (পরিশিষ্ট-চ)।

**গবেষণা ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক কাঠামো ঃ**

কেন্দ্রের গবেষণা কর্মসূচী সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সংস্থাপন মন্ত্রণালয়ের আদেশ অনুযায়ী নিম্নবর্ণিত সদস্য বিশিষ্ট একটি গবেষণা কমিটি গঠিত হয়েছেঃ

| | |
|---|---|
| রেকটর | সভাপতি |
| পরিচালন পর্ষদের সদস্যবৃন্দ | সদস্য |
| প্রকল্প পরিচালক, প্রকল্প বাস্তবয়ন দপ্তর | সদস্য |

পরবর্তীতে পরিচালক (গবেষণা ও উন্নয়ন) কে উক্ত কমিটির সদস্য সচিব মনোনীত করা হয়।

**গবেষণা কমিটির দায়িত্বাবলী নিম্নরূপঃ**

(ক) গবেষণা কর্মসূচী নির্ধারণ

(খ) গবেষণা প্রস্তাবনা নির্বাচন ও অনুমোদন

(গ) গবেষণা পরিচালনার জন্য গবেষক নির্বাচন

(ঘ) গবেষণা মূল্যায়নের জন্য সাবকমিটি নিয়োগ

LIBRARY
Bangladesh Public Administration
Training Centre
Savar, Dhaka

(ঙ) গবেষণার জন্য পারিতোষিক অনুমোদন

(চ) প্রতিটি গবেষণা প্রকল্পের জন্য সময় নির্ধারণ

(ছ) প্রতিটি গবেষণা প্রকল্পের বিচার্য বিষয়, পরিধি, বাজেট, পরিচালক ও যুগ্ম পরিচালক, পর্যালোচক এবং সংশ্লিষ্ট অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি নির্বাচন ও অনুমোদন।

কেন্দ্রের গবেষণা ও উপদেশনা বিভাগ উক্ত কমিটিকে সচিবালয় সহায়তা প্রদান করে।

**গবেষণা প্রকল্পের নির্বাচন, অনুমোদন ও পরিচালনাঃ**

কেন্দ্রের গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্তে একটি গবেষণা নীতিমালা প্রণীত হয়েছে। গবেষণা নীতিমালায় বর্ণিত গবেষণা প্রকল্পের নির্বাচন, অনুমোদন ও পরিচালনার স্তরগুলো নিম্নরূপঃ—

(১) প্রতি আর্থিক বছরে গবেষণা কমিটি কর্তৃক গবেষণার ক্ষেত্র, বিষয়— চিহ্নিতকরণ ও অনুমোদন,

(২) অনুমোদিত গবেষণার ক্ষেত্র / বিষয় সম্পর্কে অনুষদ সদস্যদের কাছ থেকে গবেষণা প্রস্তাবনা আহবান,

(৩) আগ্রহী ও যোগ্য অনুষদ সদস্য কর্তৃক গবেষণা কমিটির বিবেচনার জন্য গবেষণা প্রস্তাবনা পেশকরণ,

(৪) গবেষণা প্রস্তাবনা (বিচার্য বিষয়, পরিধি, বাজেট, প্রকল্প পরিচালক ও যুগ্ম পরিচালক, মূল্যায়ন কমিটি) অনুমোদন এবং সরকারী/ স্থানীয় আদেশ জারী করণ,

(৫) গবেষণা প্রস্তাবনা ও প্রশ্নপত্র মূল্যায়ন কমিটির বিবেচনার জন্য পেশকরণ,

(৬) নির্দিষ্ট ছকে মুলায়ন কমিটির অনুমোদন পত্র ও কার্যাদেশ পরিচালক (গবেষণা ও উন্নয়ন) এর কাছে পেশকরণ,

LIBRARY
Bangladesh Public Administration
Training Centre
Savar, Dhaka

(৭) প্রকল্প পরিচালক/যুগ্ম পরিচালকের অনুকূলে প্রথম কিস্তির অর্থ (অনুমোদিত বাজেটের ৫০%) ছাড় করণ,

(৮) মাসিক পর্যালোচনা সভায় পর্যালোচনার জন্য প্রতি মাসের ২০ তারিখের মধ্যে প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন পরিচালক (গবেষণা ও উন্নয়ন) এর কাছে পেশ করণ,

(৯) উপাত্ত সংগ্রহ, বিন্যাস ও বিশ্লেষণ,

(১০) খসড়া প্রতিবেদন প্রণয়ন,

(১১) খসড়া প্রতিবেদন অনুষদ সেমিনারে উপস্থাপন,

(১২) সেমিনারের মন্তব্য, পরামর্শ (যদি থাকে) মোতাবেক খসড়া প্রতিবেদন সংশোধন করে মূল্যায়ন কমিটির অনুমোদনের জন্য পেশ করণ,

(১৩) মূলায়ন কমিটির মন্তব্য/পরামর্শ (যদি থাকে) এর আলোকে প্রতিবেদন চূড়ান্তকরণ,

(১৪) মূল্যায়ন কমিটির অনুমোদন পত্র দাখিলের পর প্রকল্পের দ্বিতীয় কিস্তির অর্থ প্রকল্প পরিচালক/যুগ্ম পরিচালকের অনুকূলে করণ, এবং

(১৫) চূড়ান্ত প্রতিবেদনের ১৫ কপি ও প্রকল্পের হিসাব জমা দান।

**কাজের অগ্রগতি**

১৯৮৪ সালের এপ্রিল মাসে কেন্দ্রের কার্যক্রম শুরু হলেও প্রধানত গবেষণা কার্যক্রমে তহবিল ব্যবহারের পদ্ধতি নির্ধারণে বিলম্ব হওয়ার জন্য ১৯৮৭ সালের মাঝামাঝি সময় থেকে কেন্দ্রে গবেষণা কার্যক্রম আরম্ভ হয় এবং এ পর্যন্ত সর্বমোট ৩৯টি গবেষণা প্রকল্প সমাপ্ত হয়।

**সমাপ্ত গবেষণা প্রকল্প**

১৯৯০ এর ৩০শে জুন পর্যন্ত সম্পাদিত সর্বমোট ৩৯ টি গবেষণা প্রকল্পের মধ্যে ৫টি গবেষণা প্রতিবেদন প্রকাশিত হয়। সমাপ্ত প্রকল্প সমূহের বিষয় ভিত্তিক শ্রেণী বিভাগ দেয়া হোলঃ—

| বিষয় | সমাপ্ত প্রকল্পের সংখ্যা |
|---|---|
| লোক প্রশাসন | ৭টি |
| উন্নয়ন ব্যবস্থাপনা | ৩টি |
| প্রকল্প ব্যবস্থাপনা | ৫টি |
| লোক প্রশাসন প্রশিক্ষণ | ৪টি |
| স্থানীয় সরকার | ৬টি |
| পল্লী উন্নয়ন | ২টি |
| দারিদ্র বিমোচন | ৯টি |
| উন্নয়ন পরিকল্পনা | ১টি |
| প্রাথমিক শিক্ষা | ১টি |
| তথ্য প্রযুক্তি | ১টি |
| সর্বমোট | ৩৯ টি |

**অর্থ সংস্থানের উৎস অনুসারে সমাপ্ত প্রকল্প সমূহের বিভাজন নীচে দেয়া হোলঃ-**

| অর্থ সংস্থানের উৎস | সমাপ্ত প্রকল্প সংখ্যা |
|---|---|
| (১) বিপিএটিসি প্রকল্প দ্বিতীয় পর্যায় (আইডিএ ঋণ নং ১৩৪৯ বি ডি) | ২২ টি |
| (২) বিপিএটিসি রাজস্ব বাজেট | ২ টি |
| (৩) যৌথ উদ্যোগে গবেষণা (ইডিআই এর সাথে) | ৬ টি |
| (৪) যৌথ উদ্যোগে গবেষণা (এপিডিসি এর সাথে) | ৯ টি |
| | মোট ৩৯ টি |

**চলমান গবেষণা প্রকলপঃ**

বর্তমানে চলমান গবেষণা প্রকল্পের সংখ্যা হলো ১৫টি। উক্ত ১৫টি প্রকল্পের মধ্যে ১১টি প্রকল্পই আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র সমূহ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহের পাঠ্যসূচী উন্নয়ন সম্পর্কিত। এই ১১টি গবেষণা প্রকল্পের সমূদয় ব্যয় আরপিএটিসি প্রকল্প (আইডিএ ঋণ) থেকে বহন করা হচ্ছে। এগুলি ছাড়া বাকী ৪টি প্রকল্পের ব্যয় কেন্দ্রের রাজস্ব বাজেট থেকে বহন করা হচ্ছে।

**আর্থিক অগ্রগতিঃ**

**গবেষণার জন্য অর্থ, তহবিলের সংস্থান ও ব্যয়ঃ**

(ক) আইডিএ ঋণ (উন্নয়ন প্রকল্প)

| অর্থবছর | বরাদ্দ (লাখ টাকা) | প্রকৃত ব্যয় (লাখ টাকা) |
|---|---|---|
| ১৯৮৬–৮৭ | বিপিএটিসি ৮. ১০ | ৮.০৬ |
| ১৯৮৭–৮৮ | ১৪.৬৪ | ১৪.৫৯ |
| | ২২.৭৪ | ২২.৬৫ |
| ১৯৮৮–৮৯ | আরপিএটিসি | ১১.৯১চলমান |

(খ) **রাজস্ব বাজেট**

| অর্থ বছর | সংশোধিত বারদ্দ | প্রকল্পের জন্য বাজেট | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|
| ১৯৮৭-৮৮ | ২,০০,০০০/- | ৫৫, ০০০/- | ২৭,৫০০/- |
| ১৯৮৮-৮৯ | ২,০০,০০০/- | ১,১৩,০০০/- | ৫৬,৫০০/- |
| ১৯৮৯-৯০ | ৫,০০,০০০/- | ৪,১৬,০০০/- | ৩,৮০,০০০/- |
| মোট | ৯,০০,০০০/- | ৫,৮৪,০০০/- | ৪,৬৪,০০০/- |

ব্যালেন্স ১,২০,০০০/- (প্রকল্প চলমান)

১৯৯০-৯১ ২,০০,০০০/-(প্রাক্কলিত)

## গবেষণা পদ্ধতি পাঠ্যক্রম

কেন্দ্রের অনুষদ সদস্য ও অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষকদের গবেষণা পদ্ধতিগত দক্ষতা ও অভিজ্ঞতা বৃদ্ধির লক্ষ্যে ১৯৮৯ সাল থেকে দু'সপ্তাহব্যাপী গবেষণা পদ্ধতি পাঠ্যক্রম পরিচালিত হচ্ছে। এ পর্যন্ত ২টি গবেষণা পদ্ধতি পাঠ্যক্রম পরিচালিত হয়েছে এবং ৩৩ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

**অনুষদ সেমিনারঃ** এপর্যন্ত মোট ২০টি অনুষদ সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

**বিবিধঃ**

(১) কেন্দ্রের সম্পাদিত ৩৯টি গবেষণা প্রকল্পের প্রতিবেদনের সারসংক্ষেপ তৈরী করা হয়েছে 'Abstracts of Research Reports' শিরোণামে। গবেষণা প্রকল্পে প্রাপ্ত ফলাফল ও সুপারিশ এতে সন্নিবেশিত হয়েছে।

(২) সম্পাদিত গবেষণা কর্ম থেকে প্রশিক্ষণ উপকরণ তৈরী এবং কেন্দ্রের সম্পাদিত কাজের অভ্যন্তরীণ মূল্যায়ন করা হয়েছে।

(৩)গবেষণা পদ্ধতির উপর একটি ম্যানুয়াল তৈরী করা হয়েছে যা প্রকাশনার অপেক্ষায় আছে।

## পরিশিষ্ট–ক

### ১৯৮৬–৮৭ অর্থ বছরে সম্পাদিত ৮টি প্রকল্প

1. Performance Appraisal System for Class-I Officers in Bangladesh.
2. Training Needs Identification for Effective Upazila Administration.
3. Intensive Rabi Crop Cultivation Programme, 1986-87: Analysis of Vertical Coordination in Project Management.
4. Delay in the Disposal of Cases: A Structural Analysis of the Bangladesh Secretariat.
5. The Employment Aspect of the Third Five Year Plan (1985-90): The Case of Handloom and Powerloom Sector.
6. বাংলাদেশ সিভিল সার্ভিসে মহিলা।
7. A Study of the Career Development Programme in the Bangladesh Civil Service.
8. The Problem of Coordination in Upazila Administration: A Case Study of Two Upazilas.

## পরিশিষ্ট–খ

### ১৯৮৭–৮৮ অর্থ বছরে সম্পাদিত ১৪টি গবেষণা প্রকল্প:

1. Tatgeted Poverty Alleviation Programme in the Third Plan.
2. সরকারী দপ্তর সমূহের পরিদর্শন ও অনুসুরণ পদ্ধতির নিরীক্ষা
3. A Case Study of the Procedures for Adjudication of Grievances of Government Employees.
4. Assesssment of Training Needs of Mid-Level Officers.

5. Education in Bangladesh: A Case Study of Policy Planning in Primary Education.

6. A Study of Constraints & Potentials of Domestic Resources Mobilization.

7. Assessment of Training Needs of Senior Civil Servants.

8. বুনিয়াদী পর্যায়ে প্রশিক্ষণ চাহিদা নিরুপণ।

9. ফৌজদারী মামলা নিষ্পত্তিকরণ: উপজেলা ম্যাজিষ্ট্রেট আদালতের উপর একটি ঘটনা সমীক্ষা।

10. A Case Study on "On the Job Training for Officers" in BCS (Admn.) & BCS (Sectt.) Cadres.

11. A Study of Delay in Implementation of Development Projects.

12. Public Administration Computer Centre : a Case Study.

13. Delegation of Authority to Public Enterprises in Bangladesh:A Case Study of Bangladesh Steel & Engineering Corporation.

14. Upazila System and Agricultural Development in Bangladesh: A Case Study of Dhamrai Upazila.

পরিশিষ্ট–গ

১৯৮৮–৮৯ অর্থ বছরে আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র সমূহের পাঠ্যক্রম উন্নয়ন সংক্রান্ত ১১টি গবেষণা প্রকল্পের তালিকাঃ

1. A Study of Regional Public Administration Training Centres (RPATCs)Project.

2. দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের প্রশিক্ষণ চাহিদা নিরুপণ ও পাঠ্যসূচী উন্নয়ন।

3. Assessment of Training Needs of Class III Employees:

4. চতুর্থ শ্রেণীর কর্মচারীদের প্রশিক্ষণ চাহিদা নিরুপণ ওপাঠ্যসূচী উন্নয়ন।

5. বেঞ্চ ক্লার্কদের প্রশিক্ষণ চাহিদা নিরুপণ পাঠ্যসূচী উন্নয়ন।

6. দ্বিতীয় শ্রেণীর সরকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ কার্যক্রম মূল্যায়ণ।

7. Evaluation of Training Programmes for Class III & IV Employees: A Study.

8. তৃতীয় শ্রেণীর কর্মচারীদের আর্থ- ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ চাহিদা নিরুপণ ও পাঠ্যসূচী উন্নয়ন।

9. On- the-job training Needs Assessment of Class II Level Officers.

10. Training Needs Identification For Training of Trainers (ToT).

11. Performance Appraisal System for Class III Employees in Bangladesh.

**পরিশিষ্ট-ঘ**

**কেন্দ্রের রাজস্ব বাজেটভুক্ত গবেষণা কার্যক্রম ঃ**

**১৯৮৭-৮৮**

1. A Study of Personnel Transfer System in Upazila Administration.

**১৯৮৮-৮৯**

1. Flood and Development :A Study of the Socio-Economic Impact of 1988 Flood in Rural Bangladesh.

**১৯৮৯-৯০ অর্থ বছরে গৃহীত কেন্দ্রের রাজস্ব বাজেটভুক্ত ৪টি গবেষণা/ঘটনা সমীক্ষা**

1. Upazila System & Agricultural Development in Bangladesh: A Case Study of Selected Upazilas.

2. Upazila System and Poverty Alleviation.

3. Recruitment Policy of Bangladesh Government.

4. প্রশাসনে মানবিক সম্পর্ক।

**পরিশিষ্ট–ঙ**

1. বিপিএটিসি ও বিশ্বব্যাংকের ইডিআই– এর যৌথ উদ্যোগে পরিচালিত ঘটনা সমীক্ষা :

a) Sustainability of Rural Development Projects : A Case Study of RD-I Project in Bangladesh.

b) Sustainabiluty of Primary Education Projechs :A Case Study of Universal Primary Education in Bangladesh.

c) Sustainabioity of Projects for Higher Agricultural Education: A Case Study of Bangladesh Agricultural University.

**১৯৮৮–৮৯**

a) Case Study on Meghna-Dhonagoda Irrigation Projects.

b) Case Study on Polash Urea Fertilizecr Factory.

c) Case Study on Second Extension and Research Project.

**পরিশিষ্ট–চ**

২। বিপিএটিসি এবং এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় উন্নয়ন কেন্দ্র (এপিডিসি) এর যৌথ উদ্যোগে পরিচালিত কার্যক্রম ঃ

1. A Case Study on Grameen Bank.
2. A Case Study on the Vulnerable Groups Development Programme (VGDP).
3. A Case Study on Gono Unnayan Procheshtya.
4. A Case Study on Money ond Medal Project.
5. A Case Study on Dhamsona Project.

6. Training Needs Assessment-in Bangladesh.
7. A Case Study on Swanirver Bangladesh.
8. Poverty Alleviation Programmes and Alternative Delivery System-Country Report.
9. Approaches to Rural Health Care: A Case Study of Ghonoshasthay Kendra.